

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩ ১৩৭  
কুমারঘাট, ২১ মার্চ, ২০২৫

**কুমারঘাটে উনকোটি জেলাভিত্তিক সরস মেলার উদ্বোধন**

উনকোটি জেলাভিত্তিক দ্বিতীয় সরস মেলা-২০২৫ গতকাল থেকে কুমারঘাট পূর্ত ময়দানে শুরু হয়েছে। চলবে ২২ মার্চ পর্যন্ত। তিনদিনব্যাপী মেলার উদ্বোধন করে বিধায়ক ভগবান চন্দ্র দাস বলেন, উনকোটি জেলাতে বর্তমানে প্রায় সাড়ে চার হাজার স্বসহায়ক দল রয়েছে। স্বসহায়ক দলগুলিতে প্রায় পঁয়তাল্লিশ হাজার মাতৃশক্তি তাদের অর্থনৈতিক কার্যক্রমে যুক্ত রয়েছেন। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দুরদর্শিতার ফলে রাজ্যেও খুব দুতাতর সাথে মহিলা সশক্তিকরণ ও মহিলা ক্ষমতায়নের কাজ ত্বরান্বিত হচ্ছে। এই ধারা বজায় রেখে এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গঠন করতে তিনি সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাস বলেন, স্বসহায়ক দলের উৎপাদিত পণ্য প্রদর্শনের লক্ষ্যে জেলাস্তরে এই মেলার আয়োজন করা হয়েছে। তিনি আরও বলেন, স্বসহায়ক দলে কাজ করে উনকোটি জেলাতেও অনেক লাখপতি দিদি তৈরী হয়েছেন। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের সিইও বলেন, রাজ্যে বর্তমানে প্রায় লক্ষাধিক লাখপতি দিদি রয়েছেন। রাজ্য সরকার স্বসহায়ক দলের তৈরী পণ্যসামগ্ৰী বাজারজাতকরণ, অনলাইনে মার্কেটিং, নতুন পণ্য তৈরীর উপর গুরুত্ব দিয়েছে। স্বাগত বক্তব্য রাখেন উনকোটি জেলার জেলাশাসক দিলীপ কুমার চাকমা। সভাপতিত্ব করেন কুমারঘাট পুর পরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস। উপস্থিত ছিলেন উনকোটি জিলা পরিষদের সহকারি সভাধিপতি সন্তোষ ধর, অতিরিক্ত জেলাশাসক অর্ঘ সাহা, কুমারঘাট মহকুমার মহকুমা শাসক এন এস চাকমা ও কুমারঘাট ব্লকের বিডিও ডা. সুদীপ ভৌমিক। মেলায় ক্লাস্টার লেভেল ফেডারেশনের কাউন্টার থেকে জেলার প্রায় সাড়ে তিনশ স্বসহায়ক দলকে প্রায় সাড়ে সাত কোটি টাকার ঋণ প্রদান করা হবে। মেলায় স্বসহায়ক দলের উৎপাদিত বিভিন্ন পণ্য প্রদর্শন ও বিক্রয়ের স্টল খোলা হয়।

\*\*\*\*\*